

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মান্দাসা শিক্ষা বিভাগ  
আইন শাখা-১  
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৮৬.০৮.০৮৪.১৯-৮৭৮

তারিখঃ ০৩ আগস্ট ১৪২৬ ব.  
১৮ সেপ্টেম্বর ২০১৯ খ্রি।

বিষয়ঃ রিট পিটিশন নং-৬৫৫৬/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সুত্র: মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৬৫৫৬/২০১৯ মামলার ব্লুনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৬৫৫৬/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপ:


রিট পিটিশন নং	পিটিশনার	রেসপন্ডেন্ট	মামলা দায়েরের কারণ/বিষয়
৬৫৫৬/২০১৯	ড. মো: শাহ জাহান, অধ্যাপক (অবসরপ্রাপ্ত), ঢাকা পলিটেকনিক ইন্সটিউট। মূলপদ সহযোগী অধ্যাপক, টেকনিক্যাল টিউচুন কলেজ, তেজগাঁও, ঢাকা।	সচিব, টিএমইডি, সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ডিজি, ডিটিই ও আরো অন্যান্যসহ মোট ০৬ (ছয়) জন।	টেকনিক্যাল টিউচুন কলেজ, তেজগাঁও, ঢাকা-এর সহযোগী অধ্যাপক ড. মো: শাহ জাহান -কে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২৯/১০/২০১৫ তারিখে ৩৭.০০.০০০০.০৭৬.০৩.০০২.১৪-৭১১ সংখ্যক স্মারকের মাধ্যমে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পরিচালক (শিল্প ও প্রশিক্ষণ সমষ্টি) পদে প্রেষণে পদায়ন করা হয়। উচ্চ পদায়নের পর মূলপদে তাঁর (ড. মো: শাহ জাহান এর) লিয়েন বহাল থাকায় এবং বিসিএস কারিগরি শিক্ষা ক্যাডারভুক্ত টিউচুন সহযোগী অধ্যাপক (টেক) -এর একমাত্র স্থায়ী পদ হওয়ায় উচ্চ পদে দ্বিতীয় কোন শিক্ষককে পদায়ন না করার জন্য তৎকর্তৃক (ড. মো: শাহ জাহান) ৩১/৫/২০১৬ তারিখে সচিব, শিক্ষা মন্ত্রণালয় বরারব আবেদন করা হয়। তথাপি জনাব মো: রমজান আলী (রেসপন্ডেন্ট নং-৬)-কে সহযোগী অধ্যাপক পদে পদোন্নতি প্রদানপূর্বক টিউচুন সহযোগী উচ্চ পদে পদায়ন করে শিক্ষা মন্ত্রণালয় হতে ১৪/৬/২০১৬ তারিখে ৩৭.০০০.০০০০.০৭৬.০২.০১১.২০১৬.৫৪৩ সংখ্যক স্মারকে অফিস আদেশ জারি করা হয়। ফলে উচ্চ স্মারকের বিরুদ্ধে সংক্ষুর হয়ে পিটিশনার এর স্থায়ী পদে প্রদানকৃত রেসপন্ডেন্ট নং-৬ এর পদোন্নতি/পদায়ন বাতিল করার জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দার্শনে পিটিশনার ড. মো: শাহ জাহান কর্তৃক মহামান হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৬৫৫৬/২০১৯ মামলা দায়ের করা হয়।

০২। উল্লেখ্য গত ০১/০৭/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী শেষে পিটিশনার-এর স্থায়ী পদে রেসপন্ডেন্ট নং-০৬ এর পদায়ন সংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয়ের ১৪/৬/২০১৬ তারিখের ৫৪৩ সংখ্যক স্মারকের কার্যক্রম কেন বে-আইনী ঘোষণা করা হবেনা; এবং পিটিশনার-এর স্থায়ী পদে পদায়নকৃত রেসপন্ডেন্ট নং-০৬ এর পদায়ন বাতিলের জন্য কেন নির্দেশনা প্রদান করা হবেনা; সে মর্মে ২৯/০৭/২০১৯ তারিখ অথবা উচ্চ তারিখের পূর্বে কারণ দর্শনোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়েছিল।

০৩। উপরিউক্ত নির্দেশনামতে রিট মামলার বিষয়ে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? না হয়ে থাকলে জরুরিভিত্তিতে মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যিক।

০৪। উল্লেখ্য যে, আলোচ্য মামলা সংশ্লিষ্ট পদটি বিসিএস কারিগরি শিক্ষা ক্যাডারভুক্ত পদ এবং প্রতিষ্ঠানটি কারিগরি শিক্ষা অধিদপ্তর সংশ্লিষ্ট। তাহাতো আলোচ্য মামলায় ডিজি, ডিটিই-কে ও রেসপন্ডেন্ট করা হয়েছে। পিটিশনার এর সহযোগী অধ্যাপক পদে ৬ নং রেসপন্ডেন্ট-কে পদায়নকৃত ১৪/৬/২০১৬ তারিখের ৫৪৩ নং আদেশটি শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারী করা হয়েছে। ফলে এ মামলা সংক্রান্ত বিষয়ে ডিটিই হতে সরকার পক্ষে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

০৫। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৬৫৫৬/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল হয়েছে কিনা? হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে আগামী ০৬/১০/২০১৯ খ্রি: এর মধ্যে হালনাগাদ তথ্য টিএমইডি-কে অবহিত (প্রমাণক্রম) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মির্শা)   
সিনিয়র সহকারী সচিব (আইন)  
ফোন-৪১০৫০১৫৭১

মহাপরিচালক  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগরাঁও, ঢাকা।

অনুলিপি সদয়-জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মান্দাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মান্দাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (প্রতিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মান্দাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। যুগ্মসচিব (ডিটিই ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মান্দাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অফিস কপি/মাস্টার কপি।